

**অন্তঃসত্ত্বা**

মা হচ্ছেন অভিনেত্রী রিচা চাড্ডা

৬

# সংবাদ প্রতিদিন

**অভিযোগ**

পুত্রবধূর বিরুদ্ধে ঘর ভাঙার অভিযোগ জাদেজার বাবার

৬



sangbadpratidin.in | epratidin.in | ২৬ মাঘ ১৪৩০ | ৫.০০ টাকা | * | উত্তরবঙ্গ সংস্করণ | শনিবার | ১০ ফেব্রুয়ারি ২০২৪ | পরিষ্কার আকাশ | সর্বনিম্ন ১৪°/২৫° সর্বাধিক | ১০ পাতা


# মিথ্যা বলছে ক্যাগ: বিস্ফোরক আমলারা

**স্টাফ রিপোর্টার :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই ক্যাগ রিপোর্টের সত্যতা নিয়ে প্রশ্ন তুলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিয়েছেন। এবার আমলারাও ক্যাগ রিপোর্ট নস্যাৎ করে সমবেতভাবে জানিয়ে দিলেন, এই রিপোর্ট তাঁরা মানছেন না। কারণ এই রিপোর্ট মিথ্যে। সব ইউটিলাইজেশন সার্টিফিকেট (ইউসি) কেন্দ্রের সংশ্লিষ্ট মন্ত্রককে নিয়ম মোতাবেক পাঠানো হয়েছে বলেই পরবর্তী কিস্তির টাকা কেন্দ্রের থেকে পেয়েছে বাংলা।

ক্যাগ রিপোর্টে যে আটটি দপ্তরের কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। সেই আটটি দপ্তরের প্রধান সচিবকে সঙ্গে নিয়ে শুক্রবার নবান্নে সাংবাদিক বৈঠক করেন রাজ্যের মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা। সেখানেই তিনি স্পষ্ট জানান, ‘‘ক্যাগ রিপোর্ট পাওয়ার পর বিভিন্ন দপ্তরের অধীনস্থ কেন্দ্রীয় প্রকল্পগুলির পর্যালোচনা করা হয়েছে। যেখানে দেখা গিয়েছে সমস্ত প্রকল্পের ব্যবহৃত শংসাপত্র নিয়ম মোতাবেক পাঠানো হয়েছে দিল্লিতে নির্দিষ্ট মন্ত্রকের কাছে। এর উপর ভিত্তি করে পরবর্তী কিস্তির টাকা বরাদ্দ করেছে কেন্দ্র। কোনও প্রকল্পে ইউসি বকেয়া নেই। ২০২১ পর্যন্ত এবং তারপর যা যা ইউসি দেওয়ার তার সমস্ত তথ্য দিয়েছি।’’ মুখ্যসচিবের সঙ্গে এদিনের সাংবাদিক বৈঠকে ছিলেন রাজ্যের স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী, অর্থ সচিব মনোজ পন্থ। ছিলেন রাজ্যের কৃষি দপ্তর, নারী ও শিশু কল্যাণ দপ্তর, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, শিক্ষা দপ্তর, স্বাস্থ্য দপ্তর, পুর ও নগরোন্নয়ন দপ্তর ও বিদ্যুৎ দপ্তরের সচিবরা।

উল্লেখ্য, সম্প্রতি ক্যাগ রিপোর্ট নিয়ে রাজনৈতিক তরজা সপ্তমে ওঠে। রাজ্যের বিরুদ্ধে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের বরাদ্দ খরচের শংসাপত্র বা ইউসি জমা না করার অভিযোগ উঠেছিল এই রিপোর্টে। বলা হয়েছিল, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার কেন্দ্রীয় অনুদানের প্রায় ২ লক্ষ ২৯ হাজার কোটি টাকা খরচের শংসাপত্র দিতে পারেনি। সেই রিপোর্টকে হাতিয়ার করে ময়দানে নামে গেরুয়া শিবির। যদিও বিরোধীদের দাবি নস্যাৎ করে ক্যাগ রিপোর্টের সত্যতা নিয়েই প্রথম থেকে প্রশ্ন তুলেছে তৃণমূল কংগ্রেস। ক্যাগ রিপোর্টে ২০০২-’০৩ থেকে বাম জমানার হিসাব রয়েছে। সেই হিসাব কেন চাওয়া হচ্ছে? জানতে চেয়ে প্রধানমন্ত্রীকে চিঠিও দেন মুখ্যমন্ত্রী। সেই সঙ্গে বিস্তারিত খোঁজ নেওয়ার নির্দেশ দেন মুখ্যসচিবকে। এদিন মুখ্যসচিব সেই প্রসঙ্গ টেনে বলেন, ‘‘আটটি দপ্তরকে আমরা জানিয়েছিলাম যা যা ইউ সি বকেয়া রয়েছে তা জানতে। সমস্ত দপ্তরের সেক্রেটারি ইউসি নিয়ে বসে আছেন। এগুলো সব রিপোর্ট আসার আগের ইউসি।’’ গোপালিকার সংযোজন, ‘‘ রিপোর্টে ২ লাখ ২৯ হাজার কোটি টাকার কথা বলা হয়েছে। তা নিয়েও ভুল বোঝাবুঝি তৈরি হয়েছে। রিপোর্টটিকে বলা হচ্ছে, ২০২১ সালের বর্ষশেষের রিপোর্ট। কিন্তু, রিপোর্টে ২০০২-০৩ থেকে ধরছে। তার মানে ২০ বছরের রিপোর্টকে যোগ করে ২০২১-এর রিপোর্ট বলে পাঠানো হয়েছে।

পাঁচের পাতায়



■ নবান্নে মুখ্যসচিব বি পি গোপালিকার সাংবাদিক বৈঠক। রয়েছেন স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী, অর্থসচিব মনোজ পন্থ-সহ বিভিন্ন দপ্তরের সচিবরা।

## খেতাব চরণ সিং, স্বামীনাথনকেও

# গান্ধী পরিবারকে খোঁচা, নরসিমা রাওকে ভারতরত্ন



চৌধুরি চরণ সিং | নরসিমা রাও | এম এস স্বামীনাথন

**বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি :** ভোট বড় বালাই।

ভোটবাক্স ভরাতে দেশের সর্বোচ্চ পুরস্কার নিয়েও রাজনীতি গেরুয়া শিবিরের। একদিকে ইন্ডিয়া জোট ভাঙতে, অন্যদিকে দক্ষিণ ভারতের মানুষের মন জয়ে দেশের দুই প্রাক্তন প্রধানমন্ত্রীকে ভারতরত্ন ঘোষণা করল নরেন্দ্র মোদি সরকার। কয়েকদিন ধরেই উত্তরপ্রদেশে অখিলেশ যাদবের জোটসঙ্গী আরএলডি নেতা জয়ন্ত চৌধুরি বেসুরো গাইছিলেন। এবার তাঁর ঠাকুরদা চৌধুরি চরণ সিংকে ভারতরত্ন ঘোষণা করে ইন্ডিয়া জোট থেকে ভাঙিয়ে এনডিএতে নিয়ে এল গেরুয়া শিবির। অন্যদিকে, পি ভি নরসিমা রাওকে দেশের সর্বোচ্চ সম্মান দিয়ে এক ঢিলে দুপাখি মারল মোদি সরকার। এমনিতেই দক্ষিণ ভারতে গেরুয়া শিবিরের জনসমর্থন তলানিতে। বিষয়টি নিয়ে ভাবনাচিন্তা করেই তাঁকে সম্মান জানানো হল। এর মাধ্যমে অন্ধ্রপ্রদেশ-তেলেঙ্গানার মানুষকেও বার্তা দেওয়া হল। পাশাপাশি, কংগ্রেসকে অস্বস্তিতে ফেলতেই তাদের কাছে ব্রাত্য নরসিমাকে দেশের সর্বোচ্চ সম্মান দেওয়া হল বলে মনে করছে রাজনৈতিক মহল। প্রসঙ্গত, নরসিমা রাও প্রধানমন্ত্রী থাকাকালীন বাবরি মসজিদ ধ্বংস হয়। তবে চরণ সিংকে ভারতরত্ন দেওয়ায় সুর চড়িয়েছে মায়াবতীর দল বিএসপি। কেন সংখ্যালঘু ও পিছিয়ে পড়া জনজাতির নেতা কাঁসিরামকে ভারতরত্ন দেওয়া হবে না, তা নিয়ে সরব হয়েছে তারা।

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত নরসিমা রাওকে ভারতরত্ন দেওয়ার পিছনে কাজ করেছে বিজেপির ভোট রাজনীতি। দক্ষিণ ভারতের পাঁচ রাজ্যে প্রবল চাপে রয়েছে বিজেপি। ক্ষমতায় থাকা একমাত্র রাজ্য কর্নাটকেও দলের ভরাডুবি হয়েছে। ফলে লোকসভায় দক্ষিণ ভারত থেকে ক’টি আসন আসবে তা নিয়ে যথেষ্ট সন্দিহান গেরুয়া শিবির। তাই দক্ষিণ ভারতে বিশেষ নজর দিয়েছেন মোদি-শাহরা। চন্দ্রবাবু নায়ডু ও জগনমোহন রেড্ডির সঙ্গে কথা চালাচ্ছে বিজেপি। তার মাঝেই নরসিমা রাওকে ভারতরত্ন দিয়ে মানুষের মন জয়ে নামল কেন্দ্রীয় সরকার। সেই সঙ্গে রামমন্দির নিয়ে কংগ্রেসকে অস্বস্তিতেও ফেলল। মূলত রাজনৈতিক নেতা হিসাবে নরসিমা রাওয়ের ছবি চোখের সামনে ভেসে উঠলেও তিনি যে দেশি-বিদেশি বিভিন্ন ভাষায় পারদর্শী ছিলেন, তা মনে করিয়েছেন মোদি। এক্স হ্যান্ডলে লিখেছেন সাহিত্য, ইতিহাস থেকে শুরু করে বিজ্ঞানের মতো বিষয়ে রাওয়ের অবাধ বিচরণের কথা।

পাঁচের পাতায়

# পাকিস্তানে ভোটের মাঠে জোর টক্কর জেলবন্দি ইমরানের

## ফল ত্রিশঙ্কু, জয়ের দাবি নওয়াজের

**নয়াদিল্লি:** আইনি জটে পাক সংসদের ভবিষ্যৎ। শুক্রবার সকাল থেকে ভোটগোনার পর্ব শুরু হলেও সন্ধে পর্যন্ত স্পষ্ট হয়নি ঠিক কে বসতে চলেছে ইসলামাবাদের মসনদে। তবে শেষ পাওয়া হিসাব বলছে, নেতা গরাদের ওপারে থাকলেও ইমরান খানের দল পিটিআই সমর্থিত নির্দলরাই রয়েছে সবার আগে। যদিও একক দল হিসাবে সবচেয়ে বেশি আসন পেয়ে সরকার গড়ার দাবি জানিয়েছে নওয়াজ শরিফের পিএমএল-এন। আর কোনওই দাগ কাটতে পারেনি হাফিজ সইদের দল মারকাজি মুসলিম লিগ।

২৬৫ আসনের পাক ন্যাশনাল অ্যাসেম্বলির ভোটে গণনা শুরু হয়েছে শুক্রবার সকাল থেকেই। কিন্তু অশান্তি ও হিংসা এড়াতে ইন্টারনেট বন্ধ রাখায় তুলনায় ধীর গতিতে চলছে গণনা। শেষ পাওয়া খবরে ইমরানের পাক তেহরিক ই ইনসাফ সমর্থিত নির্দলরাই সবার আগে। তাদের দখলে রয়েছে ৫৭টি আসন। যদিও একক দল হিসাবে নওয়াজ শরিফের পিএমএল-এন পেয়েছে ৪৩টি আসন।

পাঁচের পাতায়




■ পট বদল? শুক্রবার ইসলামাবাদে। —এপি

# বাজেটকে ধন্যবাদ, পথে নামছে তৃণমূল

## আজ মহিলা সংগঠনের মিছিল

**স্টাফ রিপোর্টার :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দেখানো পথে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য যে বাজেট পেশ করেছেন, তা বাংলার সর্বকালের শ্রেষ্ঠ ও ঐতিহাসিক বাজেট। এই বিষয়টিকে সামনে রেখে আজ, শনিবার রাজ্যজুড়ে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাতে পথে নামছে তৃণমূল মহিলা কংগ্রেস। রাজ্যজুড়ে প্রতিটি জেলায় প্রতি ব্লক, প্রতিটি টাউনে এই কর্মসূচি হবে। প্রতিটি সমাবেশে ৫ হাজার করে জমায়েত করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কেন্দ্রীয়ভাবে একটি মিছিল হবে দক্ষিণ কলকাতায়। সংগঠনের রাজ্যনেত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে গোলপার্ক থেকে হাজরা পর্যন্ত হবে সেই মিছিল।

শুক্রবার এ নিয়ে সাংবাদিক সম্মেলনে বসে গোটা বাংলায় এই কর্মসূচি ঘোষণা করেন দলীয় নেতৃত্ব। মন্ত্রী চন্দ্রিমার সঙ্গে ছিলেন দলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। কুণালের কথায়, “বাংলার সর্বকালের সর্বশ্রেষ্ঠ ঐতিহাসিক বাজেট পেশ করেছেন। কেন্দ্রের চূড়ান্ত বৈষম্যের মোকাবিলা করে, বঞ্চনার মোকাবিলা করে চমকের পর চমক দিয়ে সমাজের প্রতিটি ক্ষেত্রের উন্নতিকে নিশ্চিত করে পরিকাঠামো, পরিষেবা এবং সংস্কার এই বাস্তবমুখী তিনটি দিককে লক্ষ্য রেখে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এই বাজেট পেশ করেছেন।” কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ তুলে মন্ত্রী চন্দ্রিমা বলেন, “বাংলার মানুষের প্রাপ্য অধিকার দেওয়া হচ্ছে না। মানুষকে পরিষেবা দেওয়ার লক্ষ্যে মুখ্যমন্ত্রী বাজেট তৈরি করতে বলেছিলেন। রাজের ইতিপূর্বে কেন্দ্রের কাছে দেড় লক্ষ কোটি টাকা পাওনা। তার পরও বাজেটে মানুষের অর্থ সংস্থানের কথা ভেবে বাংলাকে কীভাবে নিজের পায় দাঁড় করানো যায় সেই পরিকল্পনা করে মুখ্যমন্ত্রী বাজেট তৈরি করতে বলে দেন।” বিজেপির ডবল ইঞ্জিন সরকার তত্ত্বকে বিঁধে তিনি বলেন, “বিজেপি ডবল ইঞ্জিন সরকারের কথা বলছে।

পাঁচের পাতায়

# সন্দেশখালি : অশান্তি রুখতে কড়া প্রশাসন

**স্টাফ রিপোর্টার, কলকাতা ও নিজস্ব সংবাদদাতা, বসিরহাট :** দিনভর রাজনৈতিক ইন্ধনে অগ্নিগর্ভ পরিস্থিতি তৈরি হল সন্দেশখালিতে। দফায় দফায় মহিলাদের সামনে দাঁড় করিয়ে চলল বিক্ষোভ। সিপিএম প্রভাবিত ওই এলাকায় বিজেপি ‘হার্মাদ’দের সঙ্গ দিয়েছে বলে অভিযোগ তুলেছে রাজ্যের শাসকদল। তবে একটু বেলা হতেই শুক্রবার বেছে বেছে জেলিয়াখালিতে তৃণমূলের সন্দেশখালি-২ ব্লক সভাপতি শিবপ্রসাদ হাজরার পোল্ট্রি ফার্মে আগুন-ভাঙচুরের পর বাড়িতেও আগুন লাগায় কয়েকজন। হামলা চলে জেলা পরিষদের সদস্য উত্তম সর্দারের বাড়িতেও। দ্রুত উচ্চপদস্থ পুলিশ কর্তারা সন্দেশখালি থানায় বৈঠক করেন। নবান্ন থেকেও ঘনঘন মনিটরিং করা হয়। বিকেলেই নবান্নে এডিজি (আইনশৃঙ্খলা) মনোজ ভার্মা বলেন, ‘‘সন্দেশখালির পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে। সন্দেশখালিতে হিংসার ঘটনায় ইতিমধ্যেই আট জনকে আটক করেছে পুলিশ।’’ তাঁর সংযোজন, ‘‘দুপুরের দিকে কিছু ঘটনা ঘটেছিল। সেখানে পুলিশ গিয়েছিল, ঘটনার তদন্ত করে দেখছে।’’ এদিন সন্দেশখালির ঘটনা নিয়ে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি লিখেছেন।

ছয়ের পাতায়

## এক ঝলক

### অভিষেক-দেব কথা হবে আজ



অভিষেক বন্দ্যোপাধ্যায় | দীপক অধিকারী (দেব)

■ কলকাতা : আজ, শুক্রবার তৃণমূলের সর্বভারতীয় সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ঘাটালের সাংসদ অভিনেতা দেবের সঙ্গে বৈঠক করবেন। সংসদের শেষ অধিবেশনে যোগ দিয়ে দেব কলকাতায় ফিরেছেন। ঘাটালের উন্নয়ন নিয়েই দু’জনের মধ্যে কথা হতে পারে। সংসদে ঘাটাল মাস্টার প্ল্যানের দাবিতে সরব হয়েছিলেন দেব।

### উচ্চমাধ্যমিকে সেমেস্টার?

■ কলকাতা : ২০২৪ সালেই উচ্চমাধ্যমিক স্তরে সেমেস্টার ব্যবস্থা চালু হয়ে যেতে পারে বলে শুক্রবার জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তিনি জানান, বিধানসভা শেষ হওয়ার পর তিনি এবিষয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলবেন। মুখ্যমন্ত্রীর সম্মতি মিললেই বিষয়টি উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদকে জানিয়ে দেবেন। একইসঙ্গে উচ্চমাধ্যমিকের পাঠ্যক্রমেও পরিবর্তন হবে।

### শৈত্যপ্রবাহের সতর্কতা রাজ্যে

■ কলকাতা : বিদায় নেওয়ার আগে রাজ্যে শীতের কামড়। আজ, শনিবার দক্ষিণবঙ্গের ৬টি জেলায় শৈত্যপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এই জেলাগুলি হল, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম। উত্তরবঙ্গে শৈত্যপ্রবাহ হবে দুই দিনাজপুরে।





